সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি

সামষ্টিক অর্থনৈতিক পরিস্থিতি

প্রবৃদ্ধির ধারা অক্ষুন্ন রেখে বাংলাদেশের অর্থনীতি ক্রমেই দ্রুত গতিতে এগিয়ে যাচ্ছে। বিবিএস এর সাময়িক হিসাবে গত ২০১৬-১৭ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৭.২৪ শতাংশ। চূড়ান্ত হিসাবে পূর্ববর্তী অর্থবছরে প্রবৃদ্ধির হার ছিল ৭.১১ শতাংশ। গত অর্থবছরে মূল্যস্ফীতিও লক্ষণীয়ভাবে হ্রাস পেয়েছে। ২০১৬-১৭ অর্থবছর শেষে বৈদেশিক মুদ্রার স্থিতি বৃদ্ধি পেয়ে ৩৩ বিলিয়ন মার্কিন ডলার ছাড়িয়ে গেছে, যা বৈদেশিক খাতকে ক্রমেই শক্তিশালী করছে। সুষ্ঠু বাজেট ব্যবস্থাপনা এবং সতর্ক ও সংকুলানমুখী মুদ্রানীতি সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা ও রাজস্ব খাতে শৃঙ্খলা বজায় রাখতে ভূমিকা রেখেছে।

সার্বিক অর্থনৈতিক পরিস্থিতি

জিডিপি প্রবৃদ্ধি

বাংলাদেশের অর্থনীতির অবস্থান ক্রমেই দৃঢ় হচ্ছে। গত ৫ অর্থবছরে জিডিপি'র গড় প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ৬.৫৯ শতাংশ। বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০১৬-১৭ অর্থবছরে জিডিপি'র প্রবৃদ্ধি ৭.২৪ শতাংশে দাঁড়িয়েছে ।

সারণি ১: জিডিপি প্রবৃদ্ধির হার

অর্থ বছর	জিডিপি প্রবৃদ্ধির হার (%)
২০১২-১৩	৬.০১
২০১৩-১৪	৬.০৬
২০১৪-১৫	৬.৫৫
২০১৫-১৬	৭.১১
২০১৬-১৭*	৭.২৪

উৎসঃ বিবিএস। * সাময়িক



মাথাপিছু জিডিপি ও জাতীয় আয়

বাংলাদেশের মাথাপিছু জিডিপি ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে। মাথাপিছু জিডিপি ২০১২-১৩ অর্থবছরে ছিল ৯৭৬ মার্কিন ডলার, যা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থবছরে ১,৫৩৮ মার্কিন ডলারে উন্নীত হয়েছে। একইভাবে মাথাপিছু জাতীয় আয়ও ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়েছে। মাথাপিছু জাতীয় আয় ২০১২-১৩ অর্থবছরে ছিল ১,০৫৪ মার্কিন ডলার, যা ক্রমেই বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থবছরে দাঁড়িয়েছে ১,৬০২ মার্কিন ডলার।

সারণি ২: মাথাপিছু জিডিপি ও জাতীয় আয়

অর্থ বছর	মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	মাথাপিছু জাতীয় আয় (মার্কিন ডলারে)
২০১২-১৩	৯৭৬	১,০৫৪
২০১৩-১৪	১,১১০	১,১৮৪
২০১৪-১৫	১,২৩৬	১,৩১৬
২০১৫-১৬	১,৩৮৫	১,৪৬৫
২০১৬-১৭*	১,৫৩৮	১,৬০২

চিত্র ২: মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জাতীয় আয়



উৎসঃ বিবিএস। *সাময়িক

মূল্যস্ফীতি

ইতিবাচকভাবে বাংলাদেশের মূল্যস্ফীতির হার ক্রমেই হ্রাস পাচ্ছে। মূল্যস্ফীতির এ হার ২০১৩-১৪ অর্থবছরের ৭.৩৫ শতাংশ হতে ক্রমান্বয়ে হ্রাস পেয়ে ২০১৬-১৭ অর্থবছরে ৫.৪৪ শতাংশে দাঁড়িয়েছে।

সারণি ৩: মূল্যস্ফীতির হার

(ভিত্তি বছরঃ ২০০৫-০৬)

অর্থ বছর	মূল্যস্ফীতি হার
২০১২-১৩	৬.৭৮
২০১৩-১৪	৭.৩৫
২০১৪-১৫	৬.৪১
২০১৫-১৬	৫.৯২
২০১৬-১৭	৫.৪৪

চিত্র ৩: মূল্যস্ফীতি হার



উৎসঃ বিবিএস।

রপ্তানি

সাম্প্রতিক বছরগুলোতে রপ্তানি প্রবৃদ্ধির হ্রাস-বৃদ্ধি পরিলক্ষিত হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে রপ্তানি প্রবৃদ্ধি ছিল ৩.৩৯ শতাংশ, ২০১৫-১৬ অর্থবছরে প্রবৃদ্ধির এ হার বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ৯.৭৭ শতাংশে। ২০১৬-১৭ অর্থবছরের সংশোধিত হিসাব অনুযায়ী এ প্রবৃদ্ধি পুনরায় হ্রাস পেয়ে ১.৬৯ শতাংশে দাঁড়িয়েছে। ২০১২-১৩ হতে ২০১৬-১৭ অর্থবছরের রপ্তানি আয়ের গড় প্রবৃদ্ধি ৭.৫৫ শতাংশ। উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে উন্নত দেশসমূহের অর্থনৈতিক প্রবৃদ্ধি উন্নতির পূর্বাভাসের কারণে বাংলাদেশের রপ্তানি বাণিজ্যে ইতিবাচক প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে।

সারণি ৪: রপ্তানি আয় (এফওবি) ও প্রবৃদ্ধির হার

অর্থ বছর	রপ্তানি আয় (মিলিয়ন মার্কিন ডলার)	রপ্তানি আয় প্রবৃদ্ধির হার (%)
২০১২-১৩	২৭,০২৭	১১.২২
২০১৩-১৪	৩০,১৮৭	১১.৬৯
২০১৪-১৫	৩১,২০৯	৩.৩৯
২০১৫-১৬	৩৪,২৫৭	৯.৭৭
২০১৬-১৭*	৩৪,৮৩৫	১.৬৯



উৎসঃ বাংলাদেশ ব্যাংক। *সংশোধিত

আমদানি

২০১২-১৩ অর্থবছরে আমদানি বাবদ মোট ব্যয় হয়েছে ৩৭,২৯০ মিলিয়ন মার্কিন ডলার, যা ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থবছরে সাময়িক হিসাব অনুযায়ী দাঁড়িয়েছে ৪৭,০০৫ মিলিয়ন মার্কিন ডলারে।

সারণি ৫:আমদানি ব্যয় (সিএন্ডএফ) ও প্রবৃদ্ধির হার

অর্থ বছর	আমদানি ব্যয় (মিলিয়ন মার্কিন ডলার)	প্রবৃদ্ধির হার (%)
২০১২-১৩	৩৭,২৯০	০.৮২
২০১৩-১৪	৪০,৬১৭	৮.৯২
২০১৪-১৫	৪০,৭০৪	০.২১
২০১৫-১৬	৪৩,১২৩	৫.৯৪
২০১৬-১৭*	৪৭,০০৫	৯.০০



উৎসঃ বাংলাদেশ ব্যাংক, জাতীয় রাজস্ব বোর্ড। *সাময়িক

রেমিট্যান্স

২০১২-১৩ অর্থবছরের রেমিট্যান্সের প্রবাহ ছিল ১৪,৪৬১ মিলিয়ন মার্কিন ডলার যা পূববর্তী অর্থবছরের তুলনায় ১২.৬০ শতাংশ বেশি। একইভাবে ২০১৪-১৫ অর্থবছরে রেমিট্যান্সের প্রবাহ বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ১৫,৩১৭ মিলিয়ন মার্কিন ডলারে। তবে ২০১৬-১৭ অর্থবছরে এ প্রবাহ হ্রাস পেয়ে ১২,৭৬৯ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায় যা পূর্ববর্তী অর্থবছরের তুলনায় ১৪.৪৮ শতাংশ কম। মূলত ভূ-রাজনৈতিক পরিস্থিতি এবং জ্বালানি তেলের মূল্য হ্রাস তেল সমৃদ্ধ দেশের অর্থনীতির উপর বিরূপ প্রভাব ফেলেছে যা রেমিট্যান্স প্রবাহের হ্রাসে ভূমিকা রেখেছে।

সারণি ৬: রেমিট্যান্সের পরিমাণ ও প্রবৃদ্ধির হার

অর্থ বছর	রেমিট্যান্সের পরিমাণ (মিলিয়ন মার্কিন ডলার)	প্রবৃদ্ধির হার (%)
২০১২-১৩	১৪,৪৬১	১২.৬০
২০১৩-১৪	১৪,২২৮	-১.৬১
২০১৪-১৫	১৫,৩১৭	৭.৬৫
২০১৫-১৬	১৪,৯৩১	-২.৫২
২০১৬-১৭*	১২,৭৬৯	-১৪.৪৮

উৎসঃ বাংলাদেশ ব্যাংক। * সাময়িক

চিত্র ৬: রেমিট্যান্সের পরিমাণ



বৈদেশিক মুদ্রার রিজার্ভ

দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ ক্রমেই বৃদ্ধি পাচ্ছে। বৈদেশিক মুদ্রার রিজার্ভ ৩০ জুন, ২০১৩ তারিখের ১৫,৩১৫ মিলিয়ন মার্কিন ডলার হতে ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ৩০ জুন, ২০১৭ তারিখে ৩৩,৪০৭ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়িয়েছে।

সারণি ৭: বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ

অর্থ বছর (জুন স্থিতি)	রিজার্ভের পরিমাণ (মিলিয়ন মার্কিন ডলার)
২০১২-১৩	১৫,৩১৫
২০১৩-১৪	২১,৫০৮
২০১৪-১৫	২৫,০২৬
২০১৫-১৬	৩০,১৬৭
২০১৬-১৭	৩৩,৪০৭

উৎসঃ বাংলাদেশ ব্যাংক।

চিত্র ৭: বৈদেশিক মুদ্রার রিজার্ভের পরিমাণ



চলতি হিসাবের ভারসাম্য

বিগত অর্থবছরেগুলোতে ইতিবাচকভাবে চলতি হিসাবে উদ্বৃত্ত পরিলক্ষিত হয়। ২০১২-১৩ অর্থবছরে চলতি হিসাবে উদ্বৃত্ত ২,৩৮৮ মিলিয়ন মার্কিন ডলার হতে বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ৪,২৬২ মিলিয়ন মার্কিন ডলারে দাঁড়ায়। তবে ২০১৬-১৭ অর্থবছরে চলতি হিসাবের ঘাটতি দাঁড়ায় ১,৪৮০ মিলিয়ন মার্কিন ডলার। মূলত বাণিজ্য ঘাটতি বৃদ্ধি এবং রেমিট্যান্স প্রবাহ হ্রাস পাওয়ায় চলতি হিসাবে ভারসাম্য ঋণাত্নক হয়েছে। তবে লেনদেনের সার্বিক ভারসাম্যে উদ্বৃত্ত থাকায় মুদ্রার বিনিময় হার স্থিতিশীল রয়েছে এবং বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি পেয়েছে।

সারণি ৮: চলতি হিসাবের ভারসাম্য পরিমাণ

অর্থ বছর	চলতি হিসাবের ভারসাম্য (মিলিয়ন মার্কিন ডলার)
২০১২-১৩	২,৩৮৮
২০১৩-১৪	১,৪০৬
২০১৪-১৫*	৩,৪৯২
২০১৫-১৬*	৪,২৬২
২০১৬-১৭**	-১,৪৮০

উৎসঃ বাংলাদেশ ব্যাংক। *সংশোধিত, **সাময়িক

চিত্র ৮: চলতি হিসাবের ভারসাম্য



রাজস্ব আয়

২০১২-১৩ অর্থবছরে মোট রাজস্ব আয়ের পরিমাণ ছিল ১,২৮,৮৪৯ কোটি টাকা (জিডিপির ১০.৭৫ শতাংশ)। রাজস্ব আয় ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী দাঁড়ায় ২,০০,৭৫১ কোটি টাকায় (জিডিপির ১০.২৬ শতাংশ) যা পূর্ববর্তী অর্থবছরের রাজস্ব আয়ের তুলনায় ১০.০৭ শতাংশ বেশি।

সারণি: ৯. মোট রাজস্ব আয়ের পরিমাণ ও প্রবৃদ্ধির হার

অর্থ বছর	মোট রাজস্ব (কোটি টাকায়)	প্রবৃদ্ধি (%)	জিডিপি'র (%)
২০১২-১৩	১,২৮,৮৪৯	১২.৩৬	১০.৭৫
২০১৩-১৪	১,৪০,২৩৯	৮.৮৪	১০.৪৪
২০১৪-১৫	১,৪৫,৯৬৬	৪.০৮	৯.৬৩
২০১৫-১৬	১,৭২,৯৫০	১৮.৪৯	৯.৯৮
২০১৬-১৭*	২,০০,৭৫১	১০.০৭	১০.২৬

উৎসঃ iBAS data, (১১.১০.২০১৭ তারিখের রিপোর্ট অনুযায়ী)
অর্থ বিভাগ, * সাময়িক।

চিত্র ৯: মোট রাজস্ব আয় (জিডিপি'র শতকরা হারে)



সরকারি ব্যয়

২০১২-১৩ অর্থবছরে মোট সরকারি ব্যয়ের পরিমাণ ছিল ১,৭৫,৬৪৪ কোটি টাকা (জিডিপির ১৪.৬৫ শতাংশ)। সরকারি ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধি পেয়ে ২০১৬-১৭ অর্থবছরের সাময়িক হিসাব দাঁড়ায় ২,৬০,২৪৫ কোটি টাকায় (জিডিপির ১৩.৩০ শতাংশ); যা পূর্ববর্তী অর্থবছরের সরকারি ব্যয়ের তুলনায় ৮.৭৭ শতাংশ বেশি।

সারণি: ১০. মোট সরকারি ব্যয় পরিমাণ ও প্রবৃদ্ধির হার

অর্থ বছর	মোট সরকারি ব্যয় (কোটি টাকায়)	প্রবৃদ্ধি (%)	জিডিপি'র (%)
২০১২-১৩	১,৭৫,৬৪৪	১৫.২১	১৪.৬৫
২০১৩-১৪	১,৮৭,৮১৫	৬.৯৩	১৩.৯৮
২০১৪-১৫	২,০৪,৩৮০	৮.৮২	১৩.৪৮
২০১৫-১৬	২,৩৯,২৬৭	১৭.০৭	১৩.৮১
২০১৬-১৭*	২,৬০,২৪৫	৮.৭৭	১৩.৩০

সূত্রঃ iBAS data, (১১.১০.২০১৭ তারিখের রিপোর্ট অনুযায়ী) অর্থ বিভাগ, * সাময়িক।



বাজেট ঘাটতি ও ঘাটতি অর্থায়ন

২০১২-১৩ অর্থবছরের প্রকৃত হিসাব অনুযায়ী সামগ্রিক বাজেট ঘাটতি হয়েছিল (অনুদান ব্যতীত) ৪৬,৭৯৫ কোটি টাকা (জিডিপি'র ৩.৯০ শতাংশ)। পরবর্তী অর্থবছরগুলোতে এ ঘাটতি ৪ শতাংশের কাছাকাছি রয়েছে। সাময়িক হিসাব অনুযায়ী ২০১৬-১৭ অর্থ বছরে বাজেট ঘাটতি দাঁড়ায় ৫৯,৪৯৪ কোটি টাকায় (জিডিপি'র ৩.০৪ শতাংশ)।

সারণি:-১১. সামগ্রিক ঘাটতি বাজেটের পরিমাণ ও জিডিপি'র শতাংশে

অর্থ বছর	সামগ্রিক বাজেট ঘাটতি (কোটি টাকা) (অনুদান ব্যতিত)	জিডিপি'র (%)
২০১২-১৩	৪৬,৭৯৫	৩.৯০
২০১৩-১৪	৪৭,৫৭৬	৩.৫৪
২০১৪-১৫	৫৮,৪১৪	৩.৮৫
২০১৫-১৬	৬৬,৩১৮	৪.৪০
২০১৬-১৭*	৫৯,৪৯৪	৩.০৪



উৎসঃ iBAS data, (১১.১০.২০১৭ তারিখের রিপোর্ট অনুযায়ী) অর্থ বিভাগ, *সাময়িক।